

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪২৯১

আগরতলা, ১৮ ডিসেম্বর, ২০২৩

জেআরবিটির মাধ্যমে খাদ্য দপ্তরে এলডিসি পদে অফার

সরকারি কর্মচারীদের সাহায্য ছাড়া কোন

সরকার সফল হতে পারে না : খাদ্যমন্ত্রী

কর্মচারীরা সরকারের অংশ। সরকারি কর্মচারীদের সাহায্য ছাড়া কোন সরকার সফল হতে পারে না। আজ দুপুরে সচিবালয়ের ২ নং সভাকক্ষে এক অনুষ্ঠানে জেআরবিটির মাধ্যমে খাদ্য দপ্তরে এলডিসি পদে চাকরি প্রাপকদের হাতে অফার তুলে দিয়ে খাদ্যমন্ত্রী সুশান্ত চৌধুরী একথা বলেন। অনুষ্ঠানে জেআরবিটির মাধ্যমে নির্বাচিত ৩৭ জনের হাতে খাদ্য দপ্তরে চাকরির অফার দেওয়া হয়। অনুষ্ঠানে খাদ্যমন্ত্রী শ্রীচৌধুরী বলেন, খাদ্য দপ্তরে নবনিযুক্ত চাকরি প্রাপ্তদের সততা, দক্ষতা ও আন্তরিকতার সাথে কাজ করতে হবে। নতুন নিয়োগ প্রাপ্তদের কর্মজীবনে নিজেদের দক্ষতাকে প্রমাণ করতে হবে। যে পদেই কাজ করুন না কেন, কাজের ক্ষেত্রে নিজেদের নেতৃত্ব দেওয়ার ক্ষমতা তৈরি করতে হবে। তিনি বলেন, রাজ্য সরকার সমস্ত নিয়মনীতি ও গাইডলাইন মেনে স্বচ্ছতার সঙ্গে জেআরবিটির মাধ্যমে উপযুক্ত নির্বাচিতদের চাকরি প্রদান করছে। স্বচ্ছতা মেনে চাকরি দেওয়ার প্রক্রিয়াটি সম্পূর্ণ করতে কিছুটা সময় লেগেছে। খাদ্যমন্ত্রী স্বচ্ছতার সঙ্গে জনগণকে পরিমেবা প্রদানের জন্য নতুন নিয়োগ প্রাপ্তদের প্রতি আহ্বান জানান।

অনুষ্ঠানে খাদ্যমন্ত্রী আরও বলেন, গণবন্টন ব্যবস্থাকে অক্ষুণ্ণ রাখতে খাদ্য দপ্তরের কর্মচারীদের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। তিনি নবনিযুক্তদের আন্তরিক শুভেচ্ছা জানান ও তাদের কর্মজীবনের সাফল্য কামনা করেন। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন খাদ্য, জনসংভরণ ও ক্রেতাস্বার্থ বিষয়ক দপ্তরের বিশেষ সচিব রাভেল হেমেন্দ্র কুমার এবং দপ্তরের অতিরিক্ত সচিব ও অধিকর্তা নির্মল অধিকারী।
